



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৭২

কৃষকই শেখ হাসিনার উন্নয়নের মূল কারিগর

--- ডেপুটি স্পীকার

রাজশাহী; ১১ আশ্বিন (২৬ সেপ্টেম্বর):

বাংলাদেশ জাতীয় সংসদের ডেপুটি স্পীকার মোঃ শামসুল হক টুকু, এমপি বলেছেন, কৃষিভিত্তিক অর্থনীতি চাঙ্গা হলেই কেবল দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবে। কৃষক বাঁচলে দেশ বাঁচবে, কৃষকই শেখ হাসিনার উন্নয়নের মূল কারিগর।

আজ (মঙ্গলবার) উন্নয়ন ও অগ্রযাত্রার নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষ্যে সাঁথিয়ার পুন্ডুরিয়া উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত কৃষক বিনোদন ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

ডেপুটি স্পীকার বলেন, মহান জাতির মহান পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশকে স্বাধীনতা এনে দিয়েছেন। দেশে তিনি সবুজ বিপ্লবের কর্মসূচি হাতে নিয়েছিলেন। আর তাঁর সুযোগ্য কন্যার নেতৃত্বে দেশে আজ কৃষিতে অভূতপূর্ব উন্নয়ন ঘটেছে। দেশে আজ খাদ্য ঘাটতি নেই, কেউ না খেয়ে মারা যায় না।

শামসুল হক টুকু বলেন, প্রধানমন্ত্রী দেশে কোনো মানুষকে গৃহহীন থাকতে দেবেন না। সকল ভূমিহীন ও গৃহহীনদেরকে ভূমিসহ ঘর দেয়া হচ্ছে।

তিনি আরও বলেন, মানুষকে শুধু খাদ্য, বস্ত্র ও বাসস্থান দিলেই হবেনা। সুস্থ কর্মক্ষম মানুষ হিসেবে গড়ে তোলার জন্য প্রতিটি মানুষের জন্য পর্যাপ্ত দেশীয় সাংস্কৃতিক চর্চার মাধ্যমে সুস্থ বিনোদনের ব্যবস্থা রাখতে হবে।

কৃষক বিনোদন অনুষ্ঠানে মুক্তিযুদ্ধভিত্তিক নাটিকা, নারী, পুরুষ ও শিশু কিশোরদের অংশগ্রহণে বিভিন্ন গ্রামীণ খেলার ফলে দর্শকদের মাঝে আনন্দঘন পরিবেশ তৈরি করে। বিনোদন অনুষ্ঠান শেষে বিভিন্ন খেলায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি। এরপর মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনার আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরু জাতীয় সঙ্গীত গাওয়া হয় এবং জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

করমজা ইউপি চেয়ারম্যান মোঃ হোসেন আলী বাগচী এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে সাঁথিয়া উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ হাসান আলী খান, সাঁথিয়া ও বেড়া উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণসহ বেড়া-সাঁথিয়ার স্থানীয় আওয়ামী নেতৃবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও গণমাধ্যমকর্মীগণ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৪.১০ঘ.